গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
www.mos.gov.bd

নম্বর: ১৮.০০.০০০০.০৩৯.৯৯.০০৬.২২.৫০ তারিখ: ২৯.০৯.২০২২

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ভার্চুয়ালি অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব এস এম ফেরদৌস আলম
অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয়

তারিখ: ২৭.০৯.২০২২
সময়: অপরাহ্ন ০২.৩০ ঘটিকা

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

আলোচনা: সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সভায় ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি নাগরিক সেবা নিশ্চিতকল্পে সেবা প্রদান প্রতিশ্রুতির গুরুত্ব তুলে ধরেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগে গত ২২.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সভায় আলোচিত বিভিন্ন বিষয় তুলে ধরেন। তিনি বলেন, সংস্থাসমূহের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির কোন সদস্য পরিবর্তন হলে কমিটি পুনর্গঠনের প্রয়োজন পড়ে। তিনি বলেন, সিটিজেন চার্টারে যদি কোন সেবার জন্য নির্ধারিত ফরম থাকে তবে সে ফরম লিংক আকারে সিটিজেন চার্টারে দেয়া প্রয়োজন। তাছাড়া বিদ্যমান সিটিজেন চার্টারে যদি কোন ধরণের পরিমার্জন বা সংশোধন প্রয়োজন হয় তবে তা সম্পন্ন করে হালনাগাদ সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা আবশ্যক।

সভাপতির অনুমতিক্রমে কমিটির উপসচিব মীর মোহাম্মদ মাহবুবুর রহমান কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২২-২৩ সভায় উপস্থাপন করা হয়। তাছাড়া তিনি বিভিন্ন সংস্থার সিটিজেন চার্টারের বিভিন্ন দিক সভায় প্রদর্শন করেন এবং তিনি বলেন, বিদ্যমান সিটিজেন চার্টারের অধিকতর উন্নয়ন সম্ভব।

পরবর্তীতে অংশগ্রহণকারী দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টবৃন্দ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা করে হালনাগাদ করার মত কোন বিষয় থাকলে হালনাগাদপূর্বক তা আগামী ১৩.১০.২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। এক্ষেত্রে প্রতিবেদন সরাসরি ds.dev2@mos.gov.bd ই-মেইলে প্রেরণ করা যেতে পারে।

২. প্রয়োজনে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৩. কোন সেবার জন্য নির্ধারিত ফরম থাকলে প্রয়োজনে তার পিডিএফ এবং ওয়ার্ড ফাইলের লিংক সিটিজেন চার্টারে সন্নিবেশ করতে হবে।

সভার আলোচ্যসূচীতে অন্য কোন বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৯/2022

(এস এম ফেরদৌস আলম)
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
ও
সভাপতি
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

নম্বর: ১৮.০০.০০০০.০৩৯.৯৯.০০৬.২২.৫০(১৯)

তারিখ: ২৯.০৯.২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/ বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
৩. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগাম।
৫. কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, পাবনা ও রংপুর।
৬. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম।
৭. পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।
৮. উপসচিব, সুশাসন শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৯. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়। ওয়েবসাইটে আপলোড করে স্ক্রীনশট নিয়ে প্রেরণের অনুরোধসহ।

২৯.০৯.২০২২

(মীর মোহাম্মদ মাহবুবুর রহমান)
উপসচিব

Participants (19)

Find a participant

Waiting Room (1) Messag

OA OPPO A83(2018) Joinin

Joined (19)

- Ministry of Shipping, ... (Host, me)
- BH Badrul Hasan Liton, Director, Dep...
- BS Bangladesh Shipping Corporation
- B BMA
- CS Capt Shafiq, Comdt BMAR
- CT Capt Taufiq , Commdt. Pabna Mar...
- CD Commercial Director, BIWTC
- D(Director (Traffic) , Payra Port Auth...
- DA Director Admin,MPA
- D Director(admin)/BIWTA
- D Director(Traffic),BLPA
- S Focal point, NMI
- KH Kalam Hossain